# চাকসু নির্বাচন পিছিয়ে, ভোটগ্রহণ হবে আগামী ১৫ অক্টোবর




সংগৃহীত ছবি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচন তিন দিন পিছিয়েছে। ১২ অক্টোবরের পরিবর্তে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ১৫ অক্টোবর। প্রার্থীদের অনুরোধে নির্বাচন কমিশন এ সিদ্ধান্ত নিয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচন আগামী ১৫ অক্টোবর অনুষ্ঠিত হবে। মঙ্গলবার (২৩ অক্টোবর) দুপুরে বিশ্ববিদ্যালয় নির্বাচন কমিশন জানায়, প্রার্থীদের অনুরোধে ভোটগ্রহণের তারিখ তিন দিন পিছিয়ে দেওয়া হয়েছে।

এর আগে ১২ অক্টোবর ভোটগ্রহণের কথা থাকলেও নতুন সময়সূচি অনুযায়ী ১৫ অক্টোবর ভোট হবে। গতকাল কমিশন থেকে প্রকাশিত প্রাথমিক প্রার্থী তালিকায় দেখা গেছে, জমা দেওয়া মনোনয়নপত্রের মধ্যে ১৯ জনের প্রার্থীতা বাতিল হয়েছে। এর মধ্যে দুজন ভিপি এবং একজন জিএস পদে প্রার্থী ছিলেন।

এবারের কেন্দ্র ও হল সংসদের জন্য মোট ১,১৬২ জন মনোনয়নপত্র সংগ্রহ করেন, যার মধ্যে ৯৩১ জন জমা দেন। ভিপি পদে ২৫টি, জিএস ও এজিএস পদে ২২টি করে মনোনয়নপত্র জমা পড়েছে।

চাকসু নির্বাচনে মোট ভোটার সংখ্যা ২৭ হাজার ৬৩৭ জন। সবশেষ ১৯৯০ সালের ৮ নভেম্বর চাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল।

LENS ASIA